# নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন

রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

ওহোদ যুদ্ধের উল্লেখযোগ্য বিষয়সমূহ- ১৯. রাসূল (ছাঃ)-এর জন্য ঢাল হ'লেন যাঁরা (الذين جعلوا أنفسهم أتراسا للرسول)

আনাস (রাঃ) বলেন, ওহোদের দিন সংকট মুহূর্তে লোকেরা যখন এদিক-ওদিক ছুটছে, তখন আবু ত্বালহা স্বীয় ঢাল নিয়ে রাসূল (ছাঃ)-এর সামনে দাঁড়িয়ে যান। রাসূল (ছাঃ) এবং তিনি একই ঢালের আড়ালে থাকেন। রাসূলুল্লাহ (ছাঃ) আবু ত্বালহার নিক্ষিপ্ত তীর কোথায় পড়ছে, দেখার জন্য একটু মাথা উঁচু করলেই আবু ত্বালহা বলে উঠতেন,يَا نَبِيَّ اللهِ بِأَبِى أَنْتَ وَأُمِّى، لاَ تُشْرِفْ يُصِيبُكَ سَهْمٌ مِنْ سِهَامِ الْقَوْمِ، نَحْرِى دُونَ نَحْرِكَ ‘হে আল্লাহর নবী! আমার পিতা-মাতা আপনার জন্য উৎসর্গীত হৌন- আপনি মাথা উঁচু করবেন না। তাহ’লে ওদের নিক্ষিপ্ত তীর আপনার গায়ে লেগে যাবে। আমার বুক হৌক আপনার বুক’।[1] আবু ত্বালহা ছিলেন একজন দক্ষ তীরন্দায। এইদিন তিনি দু’টি বা তিনটি ধনুক ভেঙ্গেছিলেন। শত্রুর দিক থেকে তীর এলেই তিনি রাসূল (ছাঃ)-কে বাঁচানোর জন্য নিজের বুক উঁচু করে ধরতেন। রাসূল (ছাঃ) তার তীর চালনায় খুশী হয়ে বলেন, لَصَوْتُ أَبِى طَلْحَةَ فِى الْجَيْشِ أَشَدُّ عَلَى الْمُشْرِكِينَ مِنْ فِئَةٍ ‘যুদ্ধে আবু ত্বালহার কণ্ঠস্বর মুশরিকদের উপরে একটি দলের হামলার চাইতে ভয়ংকর ছিল’ (আহমাদ হা/১৩১২৭, সনদ ছহীহ)।

ফুটনোট

[1]. বুখারী হা/৩৮১১; মুসলিম হা/১৮১১।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5469

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন